



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours PART-I Examinations, 2018

বাংলা-সাম্মানিক

বাংলা-দ্বিতীয় পত্র

সময়: ৪ ঘণ্টা

পূর্ণমান: ১০০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

- ১। গল্পের আকারগত সংক্ষিপ্ততাই ছোটগল্পের একমাত্র বৈশিষ্ট্য নয় – এই মন্তব্যের আলোকে ছোট গল্পের সংজ্ঞা ও বৈশিষ্ট্য উল্লেখ করো। একটি সার্থক ছোটগল্পের মধ্যে উক্ত বৈশিষ্ট্যগুলির প্রয়োগ দেখাও। ৮+১২

অথবা

নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ১০+১০=২০

- (ক) ঐতিহাসিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। বাংলা সাহিত্যের একটি উল্লেখযোগ্য ঐতিহাসিক উপন্যাস সম্পর্কে আলোচনা করো। ৫+৫
- (খ) রাজনৈতিক উপন্যাসের প্রাণধর্মের পরিচয় দাও। এই সূত্রে বাংলা সাহিত্যের একটি রাজনৈতিক উপন্যাসের ব্যাখ্যা করো। ৩+৭
- (গ) চেতনাপ্রবাহরীতির উপন্যাস বলতে কী বোঝো? এই জাতীয় একটি উপন্যাসের পরিচয় দিয়ে চেতনাপ্রবাহরীতির ধারায় তার সার্থকতা বিচার করো। ৩+৭
- (ঘ) সামাজিক, ঐতিহাসিক, রাজনৈতিক, আঞ্চলিক প্রভৃতি বিচিত্রতা সত্ত্বেও উপন্যাসের এমন কিছু সাধারণ বৈশিষ্ট্য আছে যা সব ধরনের উপন্যাসেই প্রত্যাশিত। বিষয়টি আলোচনা করো। ১০

- ২।(ক) চন্দ্রশেখর উপন্যাসের বিভিন্ন খণ্ডের নামকরণের সার্থকতা বিচার করো। ৭+৮

অথবা

‘পরে শৈবলিনীর জ্ঞান জন্মিতে লাগিল, বুঝিল যে প্রতাপ ভিন্ন পৃথিবীতে সুখ নাই, বুঝিল এ জন্মে প্রতাপকে পাইবার সম্ভাবনা নাই,’ সমগ্র উপন্যাস জুড়ে শৈবলিনীর এই আত্মসংকট কীভাবে ফুটে উঠেছে তা দেখাও। ১৫

- (খ) ‘পাঁচ জনের মধ্যে ও যে-কোনো একজন মাত্র নয় ও হল একেবারে পঞ্চম’- শেষের কবিতা উপন্যাসে এই উক্তি কার সম্পর্কে করা হয়েছে? উদ্দিষ্ট ব্যক্তির চরিত্র বৈশিষ্ট্য আলোচনা করো। ১+১৪

অথবা

শেষের কবিতার গঠনশৈলী আলোচনা প্রসঙ্গে উপন্যাসটির অভিনবত্ব বিচার করো। ১৫

- (গ) শ্রীকান্ত দার্শনিক নয়, দর্শক মাত্র, জীবনের বিচিত্র রসের আনন্দে তার আনন্দ - শ্রীকান্ত উপন্যাসের প্রথম পর্ব অবলম্বনে এই মন্তব্যটির পক্ষ অবলম্বন করো। ১৫

অথবা

- ‘শ্রীকান্ত’ (প্রথম পর্ব) উপন্যাসে হাস্যরস সৃষ্টিতে শরৎচন্দ্রের দক্ষতা বিচার করো। ১৫

- (ঘ) ‘প্রাচীন গতানুগতিক উপকথার জগতে করালী নবীন আলোর মশাল’ - মন্তব্যটির আলোকে করালী চরিত্রের বিচার করো। ১৫

অথবা

- মিথের অনন্যসাধারণ ব্যবহার ‘হাসুলী বাঁকের’ উপকথা’ উপন্যাসটিকে অভিনবত্ব দান করেছেঃ এই মন্তব্যের আলোকে হাসুলী বাঁকের উপকথা উপন্যাসের মিথ-প্রয়োগে উপন্যাসিকের দক্ষতা বিচার করো। ১৫

- ৩।(ক) আমি মরি তাহাতে ক্ষতি কি ? কিন্তু আমার জন্য প্রতাপ মরিবে কেন - কে কখন একথা বলেছে ? তার এই আত্ম-উপলব্ধির কারণ বিশ্লেষণ করো। ২+৩

অথবা

- ‘সুপ্ত সিংহ যেন জাগিয়া উঠিল’ - কে এই সুপ্ত সিংহ ? কখন সে জেগে উঠিল ? এই উক্তির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+৩

- (খ) ‘কোথায় আছ নিবারণ চক্রবর্তী এইবার ভর করো আমার পরে - বাণী দাও, বাণী দাও’ - কে নিবারণ চক্রবর্তীকে এভাবে আহ্বান করেছে ? নিবারণ চক্রবর্তীর সম্যক পরিচয় দাও। ১+৪

অথবা

- ‘তুমি আমার কাছে কি যে চাও, আর আমি তোমাকে কতটুকুই বা দিতে পারি ভেবে পাইনে’ - কে কাকে উদ্দেশ্য করে এই উক্তি করেছে, এর তাৎপর্যই বা কী আলোচনা করো। ১+১+৩

- (গ) ‘বড় প্রেম শুধু কাছেই টানে না ইহা দূরেও ঠেলিয়া ফেলে’ - উক্তিটি কার ? কাকে উদ্দেশ্য করে বলেছে ? বড় প্রেমের তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+৩

অথবা

- ‘তোমাকে মনেই বা কবে করেছিলুম যে ভুলে যাব না ?’ - উক্তিটি কার ? কাকে উদ্দেশ্য করে বলা হয়েছে ? প্রসঙ্গ উল্লেখ করে উক্তির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+৩

- (ঘ) ‘অদ্ভুত বেশ মাথায় জটা হাতে ত্রিশূল কিন্তু মহাদেব নয়, গাজনের সঙের নন্দীর বেশ,’ কার সম্বন্ধে বলা হয়েছে ? তার চরিত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১+৪

অথবা

- যি দিয়ে ভাজ নিমের পাত ১+১+৩

নিম না ছাড়ে নিজের জাত

কথাটি কে বলেছে ? প্রসঙ্গটির পরিচয় দাও, এখানে নিম বা যি বলতে কি বোঝানো হয়েছে ?

—x—